



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১১১০২০৫১/জামালপুর-৫১/

তারিখঃ ০২.০৭.২০১৯খ্রিঃ


বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলাধীন মহিষাবাদুরিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিষয়ে জনাব মো: মঞ্জুরুল হক একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেছেন- শিক্ষকদের ক্লাসে অনুপস্থিত, শিক্ষার্থীদের পড়াশুনার ব্যাপারে শিক্ষকদের অনীহা, সুপারের পছন্দ অনুযায়ী অভিভাবক সদস্য নির্বাচন, এলাকার সুশিক্ষিত ব্যক্তিদের বাদ দিয়ে একজন সরকারি কর্মচারিকে সভাপতি মনোনয়নসহ বিভিন্ন বিষয়ে অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাকে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

০২/০৭/১৯

উপজেলা নির্বাহী অফিসার  
সরিষাবাড়ী, জামালপুর।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১১১০২০৫১/জামালপুর-৫১/

তারিখঃ .০৭.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
৩. সভাপতি/সুপার, মহিষাবাদুরিয়া দাখিল মাদ্রাসা, সরিষাবাড়ী, জামালপুর।
৪. জনাব মো: মঞ্জুরুল হক তালুকদার (অভিযোগকারী), গ্রাম: মহিষাবাদুরিয়া, ডাকঘর: ভাটারা, সরিষাবাড়ী, জামালপুর।
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
Government of the People's Republic of Bangladesh  
NATIONAL ID CARD / জাতীয় পরিচয় পত্র



নাম: মোঃ মঞ্জুরুল হক

Name: Md. Monjurul Haque

পিতা: মৃত আজিজুল হক তালুকদার

মাতা: আফরোজা বেগম

Date of Birth: 10 Dec 1963


ID NO: 3918521111771

এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোস্ট অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ঠিকানা: গ্রাম/রাস্তা: মহিষাবাড়ুরিয়া, ডাকঘর: ভাটারা - ২০৫৪, সরিষাবাড়ী,  
জামালপুর

প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

প্রদানের তারিখ: ২২/০৬/২০০৮





বরাবর,

রেজিস্ট্রার মহোদয়

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশী বাজার, ঢাকা।

বিষয় : জামালপুর জেলাধীন সরিষাবাড়ী উপজেলার অন্তর্গত মহিষা বাদুরিয়া দাখিল মাদ্রাসা EIIN

No- ১১০২০৫ ম্যানেজিং কমিটি বাতিলকরণ প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী মোঃ মঞ্জুরুল হক তালুকদার, পিতা- মৃত আজিজুল হক তালুকদার, গ্রাম- মহিষাবাদুরিয়া, উপজেলা- সরিষাবাড়ী, জেলা- জামালপুর। আপনার সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, অত্র মাদ্রাসার নিয়মিত লেখাপড়া হয় না। আমি এবং এলাকাসী মাঝে মাঝেই মাদ্রাসায় যাইয়া লেখাপড়ার খোঁজখবর লই। শিক্ষকরা নিয়মিত মাদ্রাসায় উপস্থিত থাকেন না। অত্র মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে মনোনয়নপত্র বিতরণ করা হয়। সর্বমোট ৮ জন মনোনয়ন পত্র সংগ্রহ করলেও অদৃশ্য কারণে ৪ জনকে কোন কিছু অবহিত না করে সুপার সাহেবের সুবিধার্থে তাহার পছন্দকৃত অভিভাবক প্রতিনিধি মনোনীত করেন। এলাকার অনেক গণ্যমান্য ব্যক্তিবর্গ থাকলেও একজন সরকারী কর্মচারীকে সভাপতি মনোনীত করে আপনার বরাবরে অনুমোদনের জন্য কমিটি প্রেরণ করা হয়। আমি মাদ্রাসার স্বার্থে প্রতিষ্ঠানটি যথাযথভাবে পরিচালনার জন্য প্রস্তাবিত কমিটি বাতিল করে নতুন করে কমিটি গঠনের জন্য আবেদন জানাচ্ছি।

সেমতে, মহোদয় সমীপে বিনীত প্রার্থনা এই, অনুগ্রহপূর্বক বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সু-আজ্ঞা হয়। নিবেদক ইতি-

নিবেদক  
আপনার বিশ্বস্ত

(মোঃ মঞ্জুরুল হক তালুকদার)